# জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা, সিলেট বোর্ড ২০১৬

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

## সৃজনশীল প্রশ্ন

সময়—২ ঘণ্টা ২০ মিনিট মান—৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জমির আলী তার নাতির সাথে গল্প করতে গিয়ে বলেন যে, এ দেশে তাদের জমিদারি থাকলেও বিদেশি একটি শাসকগোষ্ঠীকে ভূমি রাজস্ব প্রদান করতে হতো এবং ঐ গোষ্ঠী তৎকালীন জমিদারি ব্যবস্থার ওপর কর্তৃত্ব প্রতিষ্ঠা করেছিল। কিন্তু পাশাপাশি শিক্ষা ও সামাজিক ক্ষেত্রে তাদের অবদান অনস্বীকার্য।

ক. ভারত শাসন আইন পাস হয় কোন সালে? ১

খ. দ্বৈতশাসন বলতে কী বোঝায়? ২

গ. জমির আলী কোন বিদেশি শক্তির শাসনব্যবস্থার কথা বলেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "শিক্ষা ও সামাজিক ক্ষেত্রে উক্ত শাসকশ্রেণির অবদান অনস্বীকার্য।"— উক্তিটির সপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

২। স্বল্প শিক্ষিত মাসুদ কারিগরি প্রশিক্ষণ নিয়ে মধ্যপ্রাচ্যে চলে যায়। দীর্ঘদিন পর দেশে ফিরে সে একটা শিল্পকারখানা গড়ে তোলে।

ক. GNP-এর পূর্ণরূপ কী? ১

খ. রেমিটেন্স বলতে কী বোঝায়? ২

গ. মাসুদ কোন উপায়ে দক্ষ মানবসম্পদে পরিণত হলো? ব্যাখ্যা কর। ৩

ঘ. "মাসুদের কর্মকাণ্ড দেশের আর্থসামাজিক অবস্থার উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে"— বিশ্লেষণ কর। ৪

৩। পাহাড়ের নিচে ঘর বেঁধে আরও অনেকের সাথে বসবাস করত সুরুজ মিয়া। গত বর্ষায় পাহাড়ের মাটি নরম হয়ে ভেঙে পড়ে। সুরুজ মিয়া কোনোমতে বেঁচে গেলেও অনেকের প্রাণহানি ঘটে।

http://teachingbd.com

ক. 'সুনামি' শব্দটি মূলত কোন ভাষার শব্দ? ১

খ. বৈশ্বিক উষ্ণায়ন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কোন প্রাকৃতিক দুর্যোগের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে বর্ণিত দুর্যোগের ক্ষয়ক্ষতির জন্য সুরুজ মিয়াদের অসচেতনতাই দায়ী"– মূল্যায়ন কর। ৪

৪। সাথী এমন একটি শিল্পকারখানায় কাজ করে যেটির যাত্রা শুরু হয় আশির দশকে। স্বল্প সময়ে এ শিল্পটি বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যাপক গতি সঞ্চার করেছে।

ক. বাংলাদেশের মোট বনভূমির পরিমাণ কত বর্গ কিলোমিটার? ১

খ. জীববৈচিত্র্য বলতে কী বোঝায়? ২

গ. সাথী কোন শিল্পে কাজ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে শেষোক্ত বাক্যটি বিশ্লেষণ কর। ৪

৫। 'ক' দেশের কেন্দ্রীয় সরকার কর্তৃক একটি প্রদেশের জনগণ শাসন-শোষণে অতিষ্ঠ হয়ে পড়ে। উক্ত প্রদেশের একজন প্রভাবশালী নেতা জনগণের উদ্দেশ্যে প্রত্যেককে নিজ দেশের স্বাধীনতার জন্য ঘরে ঘরে দুর্গ গড়ে তুলতে বলেন এবং নতুন দেশের নামকরণও চূড়ান্ত করেন।

ক.কোন তারিখে ডাকসু নেতৃবৃন্দ বাংলাদেশের মানচিত্রখচিত স্বাধীন বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন করেছিলেন? ১

খ. অপারেশন সার্চলাইট বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রভাবশালী রাজনৈতিক নেতার বক্তৃতা ঐতিহাসিক কোন ঘটনাকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উক্ত ঘটনা একটি নতুন রাষ্ট্রের স্বাধীনতার পথ ত্বরান্বিত করে।" – মতামত দাও। ৪

৬। রাসেল পড়াশুনা শেষে চাকরির আশায় বিভিন্ন জায়গায় চেষ্টা করে ব্যর্থ হয়। চাকরি প্রার্থীর সংখ্যা বেশি হওয়ায় শুধু রাসেল নয় তার মতো আরও অনেকের বর্তমানে এ করুণ অবস্থা।

ক. বাংলাদেশে বর্তমানে প্রতি বর্গ কিলোমিটারে কত জন লোক বাস করে? ১

http://teachingbd.com

খ. কমিউনিটিভিত্তিক পরিবার পরিকল্পনা প্রকল্পের কার্যক্রম ব্যাখ্যা কর। ২
গ. রাসেলের মতো তরুণদের এ ধরনের পরিণতির জন্য কোন কারণটি দায়ী? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত সমস্যাটি সমাধানে সরকারি ও বেসরকারি উদ্যোগ সমান গুরুত্বপূর্ণ— বিশ্লেষণ কর। ৪

৭।

| সংস্থা | সদস্যসংখ্যা | সদর দপ্তর |
|---|---|---|
| অ | ২৮ | ব্রাসেলস |
| আ | ৫৭ | জেদ্দা |

ক. দ্বিতীয় বিশ্বযুদ্ধ কত সালে শুরু হয়? ১
খ. 'ভেটো ক্ষমতা' বলতে কী বোঝায়? ২
গ. 'অ' দ্বারা কোন সংস্থাকে বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'আ' সংস্থাটির সাথে বাংলাদেশের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৮। অষ্টম শ্রেণির শিক্ষার্থী 'ক' স্কুলে না গিয়ে খারাপ ছেলেদের সাথে মিশে প্রথমে ধূমপান, পরে মাদক সেবন শুরু করে। এক পর্যায়ে লেখাপড়াই বন্ধ করে দেয়।

ক. বাংলাদেশে কিশোর অপরাধের বয়সসীমা কত? ১
খ. মাদকাসক্তি রোধে নৈতিক শিক্ষার গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ. 'ক' এর এ ধরনের পরিণতির জন্য কিশোর অপরাধের কোন কারণটি দায়ী? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ক' কে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে অভিভাবকের সচেতনতাই কী একমাত্র উপায়? মতামত দাও। ৪

৯। ময়মনসিংহের বাসিন্দা শাহেদা তার বাবা-মায়ের সাথে গত বছর দক্ষিণ পূর্বাঞ্চলে বেড়াতে যায়। সেখানে সে বৌদ্ধ ধর্মাবলম্বী এবং রক্ষণশীল একটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর দেখা পায়।

ক. সাঁওতাল বিদ্রোহ কখন হয়? ১
খ. "সাংগ্রাই উৎসব"– ব্যাখ্যা কর। ২
গ. শাহেদার দেখা ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক জীবন ব্যাখ্যা কর। ৩
ঘ. শাহেদার এলাকায় বসবাসরত ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাথে তার দেখা ক্ষুদ্র নৃগোষ্ঠীর মধ্যকার ধর্মীয় জীবনের পার্থক্য বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা, সিলেট বোর্ড ২০১৬

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : 1 5 0

সময়—৪০ মিনিট

### বহুনির্বাচনি অভীক্ষা

মান—৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক(✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ভাস্কো-ডা-গামা কোন দেশের নাগরিক ছিলেন?
ⓚ ফ্রান্সের ⓚ পর্তুগালের
ⓖ ইটালির ⓖ ইংল্যান্ডের

২. হো-চি-মিন তার দেশের স্বাধীনতা সংগ্রামে সুদৃঢ় নেতৃত্ব প্রদান করে দেশকে স্বাধীন করে। হো-চি-মিন-এর সাথে কার সাদৃশ্য বিদ্যমান?
ⓚ শেরে বাংলা এ, কে ফজলুল হকের
ⓚ মওলানা ভাসানীর
ⓖ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
ⓖ হোসেন শহীদ সোহরাওয়ার্দীর

৩. নিচের কোনটি মনুষ্য সৃষ্ট গ্যাস?
ⓚ সিএফসি ⓚ নাইট্রোজেন
ⓖ মিথেন ⓖ অক্সিজেন

৪. ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থী মিনা উপবৃত্তি পায়। সে কোন শ্রেণি পর্যন্ত এ সুবিধা ভোগ করবে?
ⓚ নবম ⓚ দশম ⓖ একাদশ ⓖ দ্বাদশ

৫. জনসাধারণের নিকট সংবাদ, মতামত ও বিনোদন পরিবেশনের মাধ্যম কোনটি?
ⓚ সংবাদপত্র ⓚ ই-মেইল
ⓖ গণমাধ্যম ⓖ ফেসবুক

৬. বাংলাদেশে প্রথম চিনিকল প্রতিষ্ঠিত কত সালে?
ⓚ ১৯৩৩ ⓚ ১৯৩৪ ⓖ ১৯৩৫ ⓖ ১৯৩৬

৭. চাতোই প্রু মারমা ভারতের মেঘালয়ে বেড়াতে গিয়েছিল। সেখানে সে বাংলাদেশের কোন ক্ষুদ্র জাতিসত্তার লোকের দেখা পেতে পারে?
ⓚ ম্রো ⓚ গারো ⓖ চাকমা ⓖ মারমা

৮. বাংলাদেশের সংবিধান একটি উত্তম সংবিধান। কারণ—
i. সময়ের প্রয়োজনে এটি পরিবর্তন ও সংশোধন যোগ্য
ii. নাগরিকদের মৌলিক অধিকারসমূহ এতে সন্নিবেশিত আছে
iii. এটি রাষ্ট্র পরিচালনার মৌলিক দলিল
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৯. পানাম নগরের স্থাপত্যগুলো কী দিয়ে সাজানো হয়েছিল?
ⓚ মার্বেল পাথর দিয়ে ⓚ টেরাকোটা দিয়ে
ⓖ রঙিন মোজাইক দিয়ে ⓖ টাইলস দিয়ে

১০. মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়েছিল?
ⓚ ৮ ⓚ ৯ ⓖ ১০ ⓖ ১১

১১. আমাদের কখন বাংলা গদ্য সাহিত্যের সূচনা হয়েছিল?
ⓚ ষোল শতকে ⓚ সতের শতকে
ⓖ আঠার শতকে ⓖ উনিশ শতকে

১২. কোন সমুদ্রবন্দরটি দেশের দক্ষিণ-পূর্ব অঞ্চলে অবস্থিত?
ⓚ মংলা ⓚ চালনা ⓖ চট্টগ্রাম ⓖ পায়রা

১৩. বাংলাদেশের যুবসমাজ ভিন্ন দেশের সংস্কৃতির প্রভাবে মাদকাসক্ত হয়—
i. কৌতূহলী হয়ে
ii. বিভ্রান্ত হয়ে
iii. পথভ্রষ্ট হয়ে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৪. জাতিসংঘের প্রথম মহাসচিব ট্রিগভেলি কোন দেশের নাগরিক ছিলেন?
ⓚ নরওয়ের ⓚ জার্মানির
ⓖ দক্ষিণ কোরিয়ার ⓖ দক্ষিণ আফ্রিকার

■ উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :
সুমনা একটি মন্দিরে গিয়ে দেখতে পেল সেখানে পোড়ামাটির শিল্পকর্মের সাহায্যে রামায়ণের কাহিনী সুন্দরভাবে তুলে ধরা হয়েছে।

১৫. সুমনার দেখা মন্দিরটি হলো—
ⓚ রমনা কালী মন্দির ⓚ জগন্নাথ হল মন্দির
ⓖ কান্তজির মন্দির ⓖ ঢাকেশ্বরী মন্দির

১৬. উদ্দীপকে বর্ণিত শিল্প সম্পর্কে সঠিক তথ্য হলো—
i. প্রাচীন বাংলার সকল মানুষ এ শিল্পের সঙ্গে জড়িত ছিল
ii. এ শিল্পের মাধ্যমে প্রাচীন বাংলার সামাজিক জীবনের ধারণা পাওয়া যায়
iii. সোমপুর বিহারে এ শিল্পের প্রচুর কাজ রয়েছে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৭. জাতিসংঘের কোন অঙ্গ সংগঠনে স্থায়ী ও অস্থায়ী দুই ধরনের সদস্য রয়েছে?
ⓚ নিরাপত্তা পরিষদে ⓚ অছি পরিষদে
ⓖ সাধারণ পরিষদে
ⓖ অর্থনৈতিক ও সামাজিক পরিষদে

১৮. আহসান মঞ্জিল কোন নদীর তীরে অবস্থিত?
ⓚ তুরাগ ⓚ বুড়িগঙ্গা ⓖ শীতলক্ষা ⓖ মহানন্দা

১৯. বাংলায় ইউরোপীয় শক্তির শাসন শুরু হয় কার পতনের মধ্য দিয়ে?
ⓚ ঈশা খাঁর ⓚ লক্ষণ সেনের
ⓖ ইসলাম খান চিশতির ⓖ নবাব সিরাজুদ্দৌল্লার

২০. স্বাধীন সার্বভৌম রাষ্ট্র হিসেবে ভারত বাংলাদেশকে কখন স্বীকৃতি দেয়?
ⓚ ৬ ডিসেম্বর ১৯৭১ ⓚ ৭ ডিসেম্বর ১৯৭১
ⓖ ১০ ডিসেম্বর ১৯৭১ ⓖ ১২ ডিসেম্বর ১৯৭১

২১. দেশ কিংবা দেশের বাইরে কোন মাধ্যমটি মানুষের যোগাযোগ ব্যবস্থাকে খুবই সহজ করে দিয়েছে?
ⓚ সংবাদপত্র ⓚ ইন্টারনেট ⓖ রেডিও ⓖ ই-মেইল

http://teachingbd.com

২২. ১৯৭১ সালের ১০ ডিসেম্বর হোটেল ইন্টারকন্টিনেন্টালে আশ্রয় দেওয়া হয়—
i. পাকিস্তানি প্রশাসনিক কর্মকর্তাদের
ii. বিদেশি নাগরিকদের
iii. ঢাকাস্থ কূটনীতিকদের
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

■ উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :
ইমরান চাকরি নিয়ে বিদেশে গিয়ে প্রথমে খুব অসুবিধায় পড়ে। পরবর্তীতে সে ধীরে ধীরে নিজেকে খাপ খাইয়ে নেয়। এভাবে সে ঐ সমাজের মানুষের সাথে একাত্ম হয়ে ঐ সমাজেরই একজন হয়ে ওঠে।

২৩. ইমরানের ক্ষেত্রে কোন প্রক্রিয়াটি কার্যকর?
ক) সমঝোতা খ) একাত্মতা
গ) ঐক্যবদ্ধ প্রয়াস ঘ) সামাজিকীকরণ


২৪. ইমরান নতুন সমাজের সাথে নিজেকে খাপ খাইয়ে নেয়—
i. নতুন সমাজের মানুষদের অনুকরণ করে
ii. নতুন সমাজের মানুষদের পর্যবেক্ষণ করে
iii. নতুন সমাজের মানুষদের ধর্ম পালন করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. মার্কিন যুক্তরাষ্ট্রের মতো উন্নত দেশ তথ্যপ্রযুক্তি খাতে শতকরা কত ভাগ ভারতীয় জনশক্তির ওপর নির্ভরশীল?
ক) ২০ খ) ২১ গ) ২২ ঘ) ২৩

২৬. বাংলাদেশের আইনসভার কয়টি আসন মহিলাদের জন্য সংরক্ষিত আছে?
ক) ৫০ খ) ৪০ গ) ৩০ ঘ) ২০

২৭. পর্যাপ্ত চিত্তবিনোদনের অভাবের কারণে কিশোর-কিশোরীরা—
ক) মানসিক ভারসাম্যহীন হয়ে ওঠে
খ) উদাসীন হয়ে ওঠে
গ) অপরাধী হয়ে ওঠে
ঘ) সংসার ত্যাগী হয়ে ওঠে

২৮. কোন সরকারব্যবস্থায় জনগণকে রাষ্ট্রের প্রকৃত মালিক মনে করা হয়?
ক) গণতান্ত্রিক সরকারব্যবস্থা
খ) সমাজতান্ত্রিক সরকারব্যবস্থা
গ) রাজতান্ত্রিক সরকারব্যবস্থা
ঘ) একনায়কতান্ত্রিক সরকারব্যবস্থা

২৯.


উপরের (?) চিহ্নিত স্থানে নিচের কোনটি বসবে?
ক) কৃত্রিম সম্পদ খ) অর্থনৈতিক সম্পদ
গ) প্রাকৃতিক সম্পদ ঘ) প্রাণী সম্পদ

■ উদ্দীপকটি পড়ে ৩০ ও ৩১নং প্রশ্নের উত্তর দাও :
মানস রাঙামাটিতে বসবাসকারী ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্য। তারা কয়েকটি পরিবার মিলে 'আদাম' বা পাড়ায় বিভক্ত হয়ে বসবাস করে।

৩০. উদ্দীপকে বর্ণিত উক্ত জাতিগোষ্ঠীর লোকেরা ধর্মীয় দৃষ্টিকোণ থেকে মৃতদেহ কীভাবে সৎকার করে?
ক) পানিতে ভাসিয়ে দেয় খ) মাটিতে পুঁতে ফেলে
গ) আগুনে পুড়িয়ে ফেলে ঘ) মমি করে রাখে

৩১. উক্ত নৃগোষ্ঠীর ক্ষেত্রে সঠিক তথ্যটি হলো—
i. জুম পদ্ধতিতে চাষাবাদ করে
ii. বিজু উৎসব পালন করে
iii. পুরুষেরা মাথায় পাগড়ি পরিধান করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩২. বাংলাদেশে কোনটির প্রবণতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে?
ক) ডাকাতি খ) কিশোর অপরাধ
গ) শিশুশ্রম ঘ) ছিনতাই

৩৩. সামাজিকীকরণের ক্ষেত্রে প্রথম ও প্রধান বাহন হলো—
ক) পরিবার খ) শিক্ষা প্রতিষ্ঠান
গ) রাজনৈতিক প্রতিষ্ঠান ঘ) সাংস্কৃতিক সংগঠন

৩৪. ফসলের অধিক উৎপাদনের জন্য প্রয়োজন হয়—
i. উন্নত সেচ ব্যবস্থা
ii. উন্নত বীজের ব্যবহার
iii. জৈব সারের ব্যবহার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৫. একটি দেশ কতটা উন্নত, তা বোঝা যায়—
i. মোট জাতীয় উৎপাদন দিয়ে
ii. জনগণের মাথাপিছু আয় দিয়ে
iii. জীবনযাত্রার মান বিবেচনায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৬. আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগের বিচারপতিগণ কীভাবে নিয়োগপ্রাপ্ত হন?
ক) প্রধানমন্ত্রী কর্তৃক খ) রাষ্ট্রপতি কর্তৃক
গ) স্পিকার কর্তৃক ঘ) প্রধান বিচারপতি কর্তৃক

৩৭. ২ ফেব্রুয়ারি দিনটিকে বাংলাদেশে কোন দিবস হিসেবে পালন করা হয়?
ক) জাতীয় নারী দিবস খ) জাতীয় জনসংখ্যা দিবস
গ) জাতীয় পরিবেশ দিবস ঘ) জাতীয় শিশু দিবস

৩৮. UNESCO-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
ক) জেনেভায় খ) প্যারিসে গ) নিউইয়র্কে ঘ) জেদ্দায়

৩৯. বাংলাদেশ সরকার প্রাথমিক ও গণশিক্ষাকে অগ্রাধিকার দিয়েছে কেন?
ক) জনসংখ্যা নিয়ন্ত্রণের জন্য
খ) মাথাপিছু আয় বৃদ্ধির জন্য
গ) সাক্ষরতার হার বৃদ্ধির জন্য
ঘ) জনস্বাস্থ্য রক্ষার জন্য

৪০. আজাদ সাহেব বেচারাম দেউরি মসজিদে নিয়মিত নামাজ পড়েন। এ মসজিদটির বিশেষত্ব কী?
ক) সুলতানি আমলের স্থাপত্য শিল্পের নিদর্শন
খ) পাল যুগের স্থাপত্য শিল্পের নিদর্শন
গ) সেন আমলের স্থাপত্য শিল্পের নিদর্শন
ঘ) মুঘল আমলের স্থাপত্য শিল্পের নিদর্শন

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ক |
| ২১ | খ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | গ | ৩১ | খ | ৩২ | খ | ৩৩ | ক | ৩৪ | ঘ | ৩৫ | ঘ | ৩৬ | খ | ৩৭ | খ | ৩৮ | খ | ৩৯ | গ | ৪০ | ঘ |

http://teachingbd.com